

বৈশিষ্ট্য ইতিহাস

তারিখ ০০০ ০০০ ০০০
পৃষ্ঠা ২

SEP. 09 2012

সরকার নারী শিক্ষাকে অগ্রাধিকার দিয়েছে

.....তথ্যমন্ত্রী

ইজেকফাক রিপোর্ট II গতকাল রবিবার মহিলাদলের দুইয়ুগ পূর্তিতে আয়োজিত আলোচনা সভায় তথ্যমন্ত্রী তরিকুল ইসলাম বলেছেন, দেশের অর্ধেক নারী, তাদের ঘরে রেখে জাতির উন্নতি আশা করা যায় না। বর্তমান সরকার নারী উন্নয়নে ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে। বিকালে দলের কেন্দ্রীয় কার্যালয় থেকে ২৪তম প্রতিষ্ঠাবার্ষিকীর শোভাযাত্রা শেষে ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউট মিলনায়তনে আলোচনা সভায় সভাপতিত্ব করেন মহিলা দলের আহবায়িকা বেগম খুরশীদ জাহান হক এমপি। বক্তব্য রাখেন সেলিমা রহমান, সারোয়ারী রহমান, রাজা সামসুন্নাহার আহসানউল্লাহ প্রমুখ।

তরিকুল ইসলাম বলেন, সরকার নারী শিক্ষাকে অগ্রাধিকার দিয়েছে। শিক্ষার মাধ্যমে নারীর ক্ষমতায়ন নিশ্চিত হতে পারে। বেগম খুরশীদ জাহান হক বলেন, শহীদ জিয়ার ডাকে যেমনিভাবে দেশ ও জাতির কল্যাণে মহিলারা সাড়া দিয়েছিলেন আজো তা এগিয়ে নিতে হবে। অন্যান্য কর্মসূচীর অংশ হিসেবে বেগম খুরশীদ জাহান হকের নেতৃত্বে দলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের মাজার জিয়ারত করেন নেতৃত্ব।